

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৫৩ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ দাজ্জাল ও তার পরিচয়

আরবী

وَعَنْ عَبدِ اللهِ بنِ عَمرِو بنِ العَاصِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ يَخْرُجُ اللهَّجَالُ فِي أُمْتِي فَيَمْكُثُ أَرْبَعِينَ لَا أَدْرِي أَرْبَعِينَ يَوماً أَو أَرْبَعِينَ شَهْراً أَو أَرْبَعِينَ عَاماً فَيَبْعَثُ اللهُ تَعَالَى عِيسَى ابْنَ مَرْيَم عَلَي فَيَطْلُبُهُ فَيُهْلِكُهُ ثُمَّ يَمْكُثُ النَّاسُ سَبْعَ سنِينَ لَيسَ بَينَ اثْنَينِ عَدَاوةٌ ثُمَّ يُرْسِلُ اللهُ - عَنَّ وَجَلَّ - رِيحاً بَارِدَةً مِنْ قِبَلِ الشَّامِ فَلاَ يَبْقَى عَلَى وَجْهِ الأَرْضِ أَحَدٌ فِي قَلْبِهِ مِثْقَالُ ذَرَّةٍ مِنْ خَيرٍ أَق إِيمانٍ إِلاَّ قَبَضَتْهُ حَتِّى لَو أَنَّ أَحَدَكُمْ وَجْهِ الأَرْضِ أَحَدٌ فِي قَلْبِهِ مِثْقَالُ ذَرَّةٍ مِنْ خَيرٍ أَق إِيمانٍ إِلاَّ قَبَضَتْهُ حَتِّى لَو أَنَّ أَحَدَكُمْ لَكِمُ السَّبَاعِ لاَ يَعْرِفُونَ مَعْرُوفاً، وَلاَ يُنْكِرُونَ مُنْكَراً فَيَتَمَثَّلُ لَهُمُ الشَّيْطَانُ فِيقُولُ : أَلاَ السَّبَاعِ لاَ يَعْرِفُونَ مَعْرُوفاً، وَلاَ يُنْكِرُونَ مُنْكَراً فَيَتَمَثَّلُ لَهُمُ الشَّيْطَانُ فَيقُولُ : أَلاَ يَسْمَعُهُ تَعْمُ يُعْوَفُونَ : فَمَا تَأَمُرُنَا ؟ فَيَامُرُهُمْ بِعِبَادَةِ الأَوْثَانِ وَهُمْ فِي ذٰلِكَ دَارٌ رِرْقُهُمْ عَلَى السَّبَاعِ لاَ يَعْرِفُونَ مُعْرُوفانَ : فَمَا تَأَمُرُنَا ؟ فَيَامُرُهُمْ بِعِبَادَةِ الأَوْثَانِ وَهُمْ فِي ذٰلِكَ دَارٌ رِزْقُهُمْ عَلَى السَّيْطَانُ فَيقُولُ : أَلا يَسْمَعُهُ أَلَاكُ مَنْ عَيْسُونَ اللهُ لَاللهُ حَوْمُ اللهَ عَلَى اللهُ عَلَيْنَ اللهُ حَوْمَ لِيتاً وَلَوْلَ مُنْ عَنْ سَاوَ وَلَهُ ثُمَّ يُنْفَحُ فِيهِ أَخْرَى فَإِذَا يَسْعَمُ لِيتاً وَلَقَلَ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى النَّاسِ ثُمَّ يُنْفَحُ فِيهِ أَخْرَى فَإِذَا يَسْعَمُ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَرْفُولُ اللهُ عَلَى النَّاسُ هُلَمَّ إِلَى رَبِكُمْ، وَقِفُوهُمْ إِنَّهُمْ مَسْتُولُونَ ثُمَّ يُعَلَى اللهُ عَلْمُ اللهُ عَلَى النَّاسِ ثُمَّ يُنْفَحُ فِيهِ أَخْرَى فَإِلَا يَولِكَ يَومَ يُكُلُولُ يَومُ عَلَى النَّاسُ فَي وَلَا عَلَى النَّالِ اللهُ عَلْلُ اللهُ عَلْلُ اللهُ عَلْمُ اللهُ عَلَى النَّالِ وَلَكَ اللهُ عَلْسُ اللهُ عَلْ الولِدَانَ شِيبًا ، وَلَاكَ يَومَ يُكُلِ الْفَ تِسْعَمَلَهُ وَتِسُعَمُ وَلِهُ مُعِلَا الولِدَانَ شِيبًا ، وَلَال

বাংলা

(৩৮৫৩) আব্দুল্লাহ ইবনে আমর আ'স (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''আমার উন্মতের মধ্যে দাজ্জালের আবির্ভাব ঘটবে এবং সে চল্লিশ পর্যন্ত অবস্থান করবে। আমি জানি না চল্লিশদিন, চল্লিশ মাস, না চল্লিশ বছর। সুতরাং আল্লাহ তাআলা ঈসা ইবনে মারয়্যাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে পাঠাবেন। তিনি তাকে খুঁজে বের করে ধ্বংস করবেন। অতঃপর লোকেরা (দীর্ঘ) সাত বছর ব্যাপী



(এমন সৌহার্দ্যপূর্ণ পরিবেশে) কাল উদ্যাপন করবে, যাতে দুজনের পারস্পরিক কোন প্রকার শক্রতা থাকবে না। তারপর মহান আল্লাহ শাম দেশ থেকে শীতল বায়ু চালু করবেন; যা যমীনের বুকে এমন কোন ব্যক্তিকে জীবিত ছাড়বে না, যার অন্তরে অণু পরিমাণ মঙ্গল অথবা ঈমান থাকবে। এমনকি তোমাদের কেউ যদি পর্বত-গর্ভে প্রবেশ করে, তাহলে সেখানেও প্রবেশ করে তার জীবন নাশ করবে। (তারপর ভূপ্ঠে) দুর্বৃত্ত প্রকৃতির লোক থেকে যাবে, যারা কাম-প্রবৃত্তি চরিতার্থের ব্যাপারে ক্ষিপ্ত গতিমান পাখির মত হবে, একে অপরের বিরুদ্ধে শক্রতা ও রক্তপাত করার ক্ষেত্রে হিংস্ত্র পশুর ন্যায় হবে। যারা কখনো ভাল কাজের আদেশ করবে না এবং কোন মন্দ কাজে বাধা দেবে না।

শয়তান তাদের সামনে মানবরূপ ধারণ ক'রে আত্মপ্রকাশ করবে ও বলবে, 'তোমরা আমার আহবানে সাড়া দেবে না?' তারা বলবে, 'আমাদেরকে আপনি কী আদেশ করছেন?' সে তখন তাদেরকে মূর্তি পূজার আদেশ দেবে। আর এসব কর্মকাণ্ডে তাদের জীবিকা সচ্ছল হবে এবং জীবন সুখের হবে। অতঃপর শিক্সায় (প্রলয় বীণায়) ফুৎকার দেওয়া হবে। যে ব্যক্তিই সে শব্দ শুনবে, সেই তার ঘাড়ের একদিক কাত ক'রে দেবে ও অপর দিক উঁচু ক'রে দেবে। সর্বাগ্রে এমন এক ব্যক্তি তা শুনতে পাবে, যে তার উটের (জন্য পানি রাখার) হওয় লেপায় ব্যস্ত থাকবে। সে শিক্সার শব্দ শোনামাত্র অজ্ঞান হয়ে মাটিতে পড়ে যাবে। তার সাথে সাথে তার আশে-পাশের লোকরাও অজ্ঞান হয়ে (ধরাশায়ী হয়ে) যাবে। অতঃপর আল্লাহ শিশিরের ন্যায় গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পাঠাবেন। যার ফলে পুনরায় মানবদেহ (উদ্ভিদের ন্যায়) গজিয়ে উঠবে।

তারপর যখন দ্বিতীয়বার শিঙ্গা বাজানো হবে, তখন তারা উঠে দেখতে থাকবে। তাদেরকে বলা হবে, 'হে লোক সকল! তোমরা তোমাদের প্রতিপালকের দিকে এগিয়ে এসো।' (অন্য দিকে ফিরিশতাদেরকে হুকুম করা হবে যে,) 'তোমরা ওদেরকে থামাও। ওদেরকে জিজ্ঞাসাবাদ করা হবে।' তারপর বলা হবে, 'ওদের মধ্য থেকে জাহান্নামে প্রেরিতব্য দল বের ক'রে নাও।' জিজ্ঞাসা করা হবে, 'কত থেকে কত?' বলা হবে, 'প্রতি হাজারে নয়শ' নিরানব্বই জন।' বস্তুতঃ এ দিনটি এত ভয়ংকর হবে যে, শিশুকে বৃদ্ধ বানিয়ে দেবে এবং এ দিনেই (মহান আল্লাহ নিজ) পায়ের গোছা অনাবৃত করবেন।

ফুটনোট

(মুসলিম ৭৫৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন